# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**14 MARCH 2026** **7:45—7:55**

---

১) শিলচরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ২৩ হাজার ৫৫০ কোটি টাকা ব্যয় সাপেক্ষ বেশ কয়েকটি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ।

২) কেন্দ্রীয় সরকার বরাক উপত্যকাকে উত্তরপূর্ব ভারতের এক গুরুত্বপূর্ন লজিস্টিক ও বানিজ্য কেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষ্য নির্ধারণ করেছে বলে শিলচরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন্তব্য ।

৩) বিজেপির যুব শক্তি সমারোহে অংশ গ্রহণের জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের আজ গৌহাটীতে আগমন ।
এবং

৪) শ্রী কোণায় আজ মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার বরাক উপত্যকার জন্য নির্মিত আসাম সচিবালয়ের উদ্বোধন ।

----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার বরাক উপত্যকাকে উত্তরপূর্ব ভারতের এক গুরুত্বপূর্ণ লজিষ্টিক এবং বাণিজ্য কেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষ্য নির্ধারণ করেছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন ।আজ শিলচরের পার্শ্ববর্তী অম্বিকাপুরে আয়োজিত জনসভায় অংশগ্রহণ করে তাঁর ভাষণে প্রধানমন্ত্রী এই মন্তব্য করেন ।প্রধানমন্ত্রী বরাক উপত্যকার জনসাধারণকে সংস্কৃতি , সাহস এবং সজীবতার প্রতীক বলে অভিহিত করেন ।প্রধানমন্ত্রী বলেন যে শিলচর হচ্ছে উপত্যকার গেটওয়ে এবং এই অঞ্চলের ভাষা সংস্কৃতি এবং ইতিহাস এক অনন্য পরিচয় বহন করছে ।বরাক উপত্যকায় ভ্রাতৃত্ববোধের প্রতীক বাংলাভাষা সহ বহু ভাষার সহবস্থান বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।আসামের প্রায় ১৫০০ কিলোমিটার রেলপথে বিদ্যুৎ সংযোগ করা হয়েছে বলে উল্লেখ

করে তিনি বলেন যে কৃষকদের সহায়তার জন্য প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি প্রকল্পের অধীনে আসামে প্রায় ২০ হাজার কোটি টাকা বিতরণ করা হয়েছে । আসাম সরকার চা শ্রমিকদের জমির পাট্টা প্রদান করে তাদেরকে সম্মানিত করছে বলে তিনি মন্তব্য করেন ।তিনি বলেন যে বিজেপি সরকার সীমান্তবর্তী গ্রামকে দেশের প্রথম গ্রাম হিসেবে বিবেচনা করে এই সীমান্তঅঞ্চলের উন্নয়নে অগ্রাধিকার দিচ্ছে ।

দুদিনের আসাম সফরের আজ দ্বিতীয় দিনে প্রধানমন্ত্রী ২৩ হাজার ৫৫০ কোটি টাকা ব্যায় সাপেক্ষে বেশ কয়েকটি বৃহৎ ঐতিহাসিক উন্নয়নমূলক প্রকল্পের ভূমিপূজো সম্পন্ন করেন ।বরাক উপত্যকা তথা উত্তরপূর্ব ভারতের যোগাযোগের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যবস্থা হিসেবে প্রধানমন্ত্রী শ্রী মোদী ২২ হাজার ৮৬৪ কোটি টাকা ব্যায় সাপেক্ষে গুয়াহাটী শিলচর হাইস্পীড কোরিডোরের ভিত্তিপ্রস্থর স্থাপন করেন ।এই প্রকল্প শিলচর এবং গুয়াহাটীর মধ্যে যাত্রার ৫ ঘন্টা হ্রাস করা সহ আসামের সঙ্গে উত্তরপূর্বাঞ্চলের বাণিজ্য , পর্যটন , এবং সামগ্রিক উন্নয়নে নতুন গতি প্রদান করবে বলে আশা করা হচ্ছে ।এই হাইস্পীড করিডোর বরাক উপত্যকার উন্নয়ন ত্বরান্বিত করবে বলে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন ।কয়েক দশকের অপেক্ষার শেষে এই করিডোর মিজোরাম , মণিপুর এবং ত্রিপুরার সঙ্গে যোগাযোগ ব্যবস্থা শক্তিশালী করে তুলবে বলে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন । আসামকে দক্ষিণ-পূর্ব এশিয়ার সঙ্গে যোগাযোগের উপযুক্ত মাধ্যম হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে এই পদক্ষেপ অন্যতম গুরুত্বপূর্ণ হিসেবে পরিগণিত হবে বলে তিনি উল্লেখ করেন ।প্রধানমন্ত্রী বলেন ----------------- বাইট

প্রধানমন্ত্রী এই অনুষ্ঠানে প্রায় ৫৬৫ কোটি টাকা ব্যায় সাপেক্ষে শিলচরের বহু প্রতিক্ষিত উড়াল সেতু , এবং ১২২ কোটি টাকা ব্যয়ে পাথারকান্দি কৃষি মহাবিদ্যালয়ের শিলান্যাস করেন ।

অনুষ্ঠানে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেন যে শিলচর থেকে হাফলং গুয়াহাটী যাতায়াতের ক্ষেত্রে জনসাধারণের অসুবিধা দূর করতে প্রধানমন্ত্রী শ্রী মোদী নিজে উদ্যোগ নিয়ে এক্সপ্রেস হাইওয়ে নির্মাণের পরিকল্পনা করেছেন । আসামের ইতিহাসে এত বড় উপহার এর পূর্বে আর কখোনো পাওয়া যায়নি বলে তিনি মন্তব্য করেন ।ডলু বিমানবন্দর নির্মাণ প্রকল্পের জন্য ইতিমধ্যে অনুমোদন জানানো হয়েছে এবং শীঘ্র এই নির্মাণকার্য আরম্ভ হবে বলে তিনি জানান । এছাড়া শিলচর মেডিক্যাল কলেজ হাসপাতাল প্রাঙ্গনে একটি সুপারস্পেশালিটি হাসপাতাল স্থাপন সহ বরাক উপত্যকায় নতুন মেডিক্যাল কলেজ নির্মাণের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী আমিত শাহ  আজ আসামে আসছেন । শ্রী শাহ আগামীকাল ভারতীয় জনতা  যুব মোর্চার উদ্যোগে খানাপারা পশু চিকিৎসা মহাবিদ্যালয়  খেলার মাঠে আয়োজিত যুব শক্তি সমারোহে অংশ গ্রহণ করবেন । আজ রাজ্য বিজেপির সভাপতি দিলীপ শইকীয়া , মন্ত্রী পীযুষ হাজারিকা , বৈদেশিক প্রতিমন্ত্রী পবিত্র মাঘেরিটা সহ বেশ কয়েকজন মন্ত্রী তথা দলের প্রবীন নেতা সমারোহের প্রস্তুতির খোজ নেন । কেন্দ্রীয় মন্ত্রী আগামীকাল প্রাগজ্যোতিষপুর চিকিৎসা মহাবিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে ভাচুয়েল ব্যবস্থায় গোলাঘাট ও তিনসুকিয়া কর্কট কেন্দ্র সহ বেশ কয়েকটি উন্নয়নমূলক প্রকল্পের শুভারম্ভ ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন ।

--------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ শিলচরে এসে শ্রীকোনায় বরাক উপত্যকার জন্য আসাম সচিবালয়ের উদ্বোধন করেন । সচিবালয় উদ্বোধন করে মুখ্যমন্ত্রী তার ভাষনে বলেন যে জনসাধারণের কাছে সরকারী ব্যবস্থা পৌছে দেবার জন্য এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ।এর মাধ্যমে প্রশাসনিক ব্যবস্থা অধিক বিকেন্দ্রীকরণ করা সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজ দ্রুত নিষ্পত্তিকরণের জন্য ক্ষমতা তুলে দেওয়া হবে ।এসম্পর্কে
মুখ্যমন্ত্রী বলেন ---

বাইট -----

মুখ্যমন্ত্রী আজ শিলচরে বি এস এফ জোয়ানদের সংগে সাক্ষাৎ করে তাদের নিষ্ঠা ও অক্লান্ত সেবার জন্য তাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন । ড: শর্মা বলেন যে রাজ্য সরকারের সংগে সুসমন্বয় রক্ষা করে বি এস এফ অনুপ্রবেশের বিরুদ্ধে কঠোর নিরীক্ষণ অব্যাহত রেখে চলেছে ও রাজ্যের সীমা , জমি ও পরিচয় সুরক্ষিত রাখার জন্য নিরন্তর প্রচেষ্টা অব্যাহত রেখেছে ।
এরপর তিনি দরগাকোনার মিঠাপানীতে নগর ও গৃহ নির্মাণ বিভাগ দ্বারা নির্মাণ করা কনভেনশন সেন্টারের উদ্বোধন করেন । পরে মুখ্যমন্ত্রী ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে হাইলাকান্দির নব নির্মিত সার্কিট হাউসের  উদ্বোধন করা সহ একটি যুব হোস্টেল ও ভি এম এইচ এস স্কুলের আধুনিক বিদ্যালয় ভবনের ও উদ্বোধন করেন ।এছাড়া মুখ্যমন্ত্রী পাথারকান্দিতে ৮০০ আসনযুক্ত একটি  অডিটরিয়াম নির্মান ও শিলচরে একটি মাছের বাজার নির্মানের ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন ।মুখ্যমন্ত্রী আজ মোট ৩১৮ কোটি টাকার বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন ।

--------------------------------------------------------------------------------

জেহাদী কার্যকলাপে জড়িত থাকার অভিযোগে আসাম পুলিশের এস টি এফ ও বরপেটা পুলিশ যৌথ অভিযান চালিয়ে  বরপেটা রোড থেকে এক ব্যাক্তিকে আটক করেছে ।ধৃত ব্যাক্তির নাম মুস্তাফিজুর রহমান বলে জানা গেছে । ধৃত ব্যাক্তি থেকে অভিযানকারী দল আপত্তিজনক নথিপত্র , সিমকার্ড ইত্যাদি উদ্ধার করেছে । উল্লেখ্য গত ১০ ই মার্চ জেহাদী কার্যকলাপে জড়িত থাকার অভিযোগে সরভোগ থেকে এক ব্যাক্তিকে এস টি এফ গ্রেপ্তার করেছিল ।

--------------------------------------------------------------------------------

শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রমে শ্রী রামকৃষ্ণ পরমহংস দেবের নবনির্মীত মন্দিরের প্রথম প্রতিষ্ঠা বার্ষিকী  উপলক্ষে আগামীকাল থেকে চারদিন ব্যাপী  অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।অনুষ্ঠান সূচীর মধ্যে রয়েছে আগামীকাল সকালে ডি এস এ ময়দান থেকে এক শোভাযাত্রা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে রামকৃষ্ণ মিশনে গিয়ে সমাপ্ত হবে এছাড়া বিকেলে সারদা মেলার আয়োজন করা হয়েছে ।এছাড়া অন্যান্য কার্যসূচীর মধ্যে রয়েছে ভক্ত সম্মেলন , সঙ্গীতাঞ্জলি , ঠাকুর , মা ও স্বামিজী সম্পর্কে আলোচনা ইত্যাদি ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার এরালিগুলে পন্ডিত দীনদয়াল উপাধ্যায়  আদর্শ মহাবিদ্যালয়ের এন এস এস ইউনিটের উদ্যোগে আজ মহাবিদ্যালয় প্রাংগনে জাতীয় সেবা প্রোৎসাহন যোজনা ২০২৫-২৬ উদযাপন উপলক্ষে এক সচেতনতামূলক কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।  আসাম সরকারের ক্রীড়া ও যুব কল্যাণ বিভাগের উদ্যোগে পরিচালিত এই জাতীয় কার্যসূচীর মূল লক্ষ্য হচ্ছে শিক্ষার্থী ও এন এস এস স্বেচ্ছাসেবকদের মধ্যে সামাজিক দায়িত্ববোধ ,নাগরিক সচেতনতা ও সমাজসেবামূলক কাজে অংশ গ্রহণের মানসিকতা গড়ে তোলা । অধ্যক্ষ ড: জয়শ্রী চক্রবর্তীর স্বাগত ভাষনের মাধ্যমে অনুষ্ঠানের শুভারম্ভ করা হয় ।

--------------------------------------------------------------------------------